

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.২০.০০৫.১৭-৮৫৮

তারিখ: ০৭ বৈশাখ ১৪২৪।
২০ এপ্রিল ২০১৭।

বিষয়: বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০১৭ এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০১৭ এর ইউনিয়ন/পৌরসভা এবং উপজেলা/থানা পর্যায়ের খেলা পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০১৭ এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০১৭ এর ইউনিয়ন/পৌরসভা এবং উপজেলা/থানা পর্যায়ের খেলা ২০ মে ২০১৭ এর মধ্যে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। খেলা পরিচালনার জন্য অর্থ বরাদ্দ মাঠ পর্যায়ের প্রেরণ করা হচ্ছে।

২। উভয় টুর্নামেন্টে অংশগ্রহণকারী “খেলোয়াড়দের বয়স হবে সর্বোচ্চ ১২ বছর এবং উচ্চতা মেয়েদের ক্ষেত্রে ৪’৯” (চার ফুট নয় ইঞ্চি) এবং ছেলেদের ক্ষেত্রে ৫’ (পাঁচ ফুট)। বয়স ও উচ্চতা যাচাই করে খেলোয়াড় নির্বাচন করতে হবে।” উচ্চতা যাচাই ব্যতীত খেলা পরিচালনার জন্য সংশ্লিষ্ট টুর্নামেন্ট নীতিমালা ২০১১ এর অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

৩। টুর্নামেন্ট এ কোন খেলোয়াড় এর বয়স নিয়ে কোন ধরনের অভিযোগ উত্থাপিত হলে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক উক্ত খেলোয়াড় এর ডাক্তারী সনদপত্র দেখাতে হবে।

৪। বর্ণিত অবস্থায় নির্ধারিত সময়ের মধ্যে ইউনিয়ন/পৌরসভা এবং উপজেলা/থানা পর্যায়ের খেলা সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২০.০৪.১৭

এ.এইচ.এম গোলাম কিবরিয়া

উপপরিচালক (সংস্থাপন)

ফোন: ৫৫০৭৪৯২৩

ইমেইল: ddestabdpe@gmail.com

৫/২৫

বিতরণ:

- (১) বিভাগীয় কমিশনার, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- (২) জেলা প্রশাসক (সকল), জেলা।
- (৩) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- (৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা।
- (৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল).....উপজেলা,জেলা।
- (৬) জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা।
- (৭) উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল),উপজেলা,জেলা।

অনুলিপি : সদয় অবগতির জন্য;

- (১) মাননীয় জাতীয় সংসদ সদস্য ও প্রধান উপদেষ্টা, উপজেলা কমিটি (সকল),।
- (২) উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপদেষ্টা, উপজেলা কমিটি (সকল),..... উপজেলা, জেলা।
- (৩) মেয়র, পৌরসভা ও উপদেষ্টা, উপজেলা কমিটি (সকল), পৌরসভা।
- (৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৫) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।